

# সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ২২/১২/২০২২ ইং,

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

## উপস্থিত সদস্যবৃন্দের নাম

|                           |                                  |
|---------------------------|----------------------------------|
| ০১. জনাব মমতাজ বেগম       | ০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী |
| ০২. জনাব জোহরা বেগম       | ০৮. জনাব মোঃ মতিয়ার রহমান       |
| ০৩. জনাব আসমা বেগম        | ০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা        |
| ০৪. জনাব মোঃ জসীম শেখ     | ১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ     |
| ০৫. জনাব মোঃ আলমগীর হোসেন | ১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা  |
| ০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির | ১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা  |

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে ডিসেম্বর/২০২২ মাসের সভার কার্য শুরু করা হইল।

## আলোচ্য সূচি-১:

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হইলো এবং কোনো আপত্তি এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হইলো।

## আলোচ্য সূচি-২:

সভায় চেয়ারম্যান সাহেব জানান যে, বাংলা ১৪২৮ সালের কামারখালী হাট বিক্রয়ের টাকা হইতে সংশ্লিষ্ট হাটের উন্নয়ন বাবদ ইতিমধ্যেই ১৫% অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ করা হইয়াছে এবং ৩ টি পিআইসির মাধ্যমে প্রকল্পের কাজগুলি যথাযথভাবে সম্পন্ন হইয়াছে। এই হাটের সবজি বাজারের পুরাতন ঘরটি অত্যন্ত জরাজীর্ণ অবস্থায় আছে। সংস্কার না করিলে যেকোন সময় ঘরটি ধ্বসিয়া পড়িতে পারে। তখন বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে অনুনুত হাটের উন্নয়ন খাতের ১০% টাকা দ্বারা এই ঘরটি মেরামতের জন্য ২টি প্রকল্প গ্রহণ করিয়া পিআইসি গঠন করিয়া উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করা হইলো।

প্রকল্পের নাম: কামারখালী সবজি বাজারের পুরাতন ঘরের আরসিসি পিলার পুনঃনির্মাণ ও কাঠ স্থাপন।

বরাদ্দ: ২,০০,০০০/= (দুই লক্ষ টাকা মাত্র)।

## পিআইসি

|                           |                   |                    |
|---------------------------|-------------------|--------------------|
| ১। মোঃ রাকিব হোসেন চৌধুরী | ইউপি চেয়ারম্যান  | প্রকল্প সভাপতি     |
| ২। অশোক কুমার দত্ত        | ব্যবসায়ী         | প্রকল্প সেক্রেটারী |
| ৩। রমেন দত্ত              | মুক্তিযোদ্ধা      | প্রকল্প সদস্য      |
| ৪। নব কুমার দত্ত          | শিক্ষক            | প্রকল্প সদস্য      |
| ৫। দীপক কুমার সাহা        | গন্যমান্য ব্যক্তি | প্রকল্প সদস্য      |

প্রকল্পের নাম: কামারখালী বাজারের পুরাতন সবজি ঘরের টিন সরবরাহ।

বরাদ্দ : ১,১০,০০০/= (এক লক্ষ দশ হাজার টাকা মাত্র)।

## পিআইসি

|                         |                   |                    |
|-------------------------|-------------------|--------------------|
| ১। আছমা বেগম            | ইউপি সদস্য        | প্রকল্প সভাপতি     |
| ২। সিরাজুল ইসলাম চৌধুরী | ব্যবসায়ী         | প্রকল্প সেক্রেটারী |
| ৩। জাকির হোসেন মোল্যা   | ব্যবসায়ী         | প্রকল্প সদস্য      |
| ৪। শেখর চন্দ্র সাহা     | শিক্ষক            | প্রকল্প সদস্য      |
| ৫। রতন কুমার সাহা       | গন্যমান্য ব্যক্তি | প্রকল্প সদস্য      |

### আলোচ্য সূচি-৩:

চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক তীব্র শীতের কারণে দুঃস্থ অসহায় শীতার্থীদের মাঝে কম্বল বিতরণের জন্য অত্র ইউনিয়নের অনুকূলে ৪৯০টি কম্বলের উপবরাদ্দ পাওয়া গিয়াছে। জরুরী ভিত্তিতে বিভাজন ও বিতরণ করা প্রয়োজন। তখন সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হইল এবং আলোচনান্তে বিভাজন অনুযায়ী প্রতিটি ওয়ার্ডের সদস্য নামের তালিকা ইউপি অফিসে জমা দিবেন এবং মাস্টাররোলের মাধ্যমে অসহায় দরিদ্রদের মাঝে কম্বল বিতরণের সিদ্ধান্ত গৃহীত হইল।

### আলোচ্য সূচি-৪:

সভায় সভাপতি সাহেব ডিসেম্বর/২২ মাসের ইউনিয়ন আইন-শৃংখলা সম্পর্কে আলোকপাত করেন। সভায় সভাপতি সাহেব সভাকে জানান যে, ঢাকা, খুলনা মহাসড়ক এর কামারখালী বাসস্ট্যান্ডের পূর্ব ও পশ্চিম পাশে স্পিড ব্রেকার দেওয়ার জন্য নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথকে অনুরোধ করা হয়। সভায় সভাপতি সাহেব ইউনিয়ন গ্রাম পুলিশদের ইউনিয়ন আইন-শৃংখলার পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন। এবং তিনি ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতির যেন কোন অবনতি না ঘটে সেদিকে সকল গ্রাম পুলিশদের সতর্ক থাকতে বলেন। তাছাড়া ইউনিয়নের আইন শৃংখলায় কোন ব্যাঘাত ঘটলে তাঁরা যেন এ বিষয়ে সকলকে সহযোগিতা করেন সে বিষয়েও তিনি নিশ্চিত করেন। গ্রাম পুলিশরা যেন রাত ৮/৯ টার পর থেকে তাঁরা গ্রামে তাঁদের দায়িত্ব সঠিকভাবে পালন করেন সেদিকেও তিনি জোরদার দেন। এছাড়া তারা বাড়িতে যাওয়ার পূর্বে চেয়ারম্যান মহোদয়কে যেন বিষয়টি অবহিত করেন সেকথাও তিনি গ্রাম পুলিশদের জানান। সভায় সভাপতি সাহেব আরও বলেন যে, কামারখালী ইউনিয়নে আইন-শৃংখলা যেন স্বাভাবিক অবস্থায় থাকে সেদিকে সকলকে সর্বাত্মক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি

তারিখ: ২২/১২/২০২২ খ্রি:



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।